

রিটের প্রতিবাদ
সিক্‌বিতে ৮৪
শিক্ষক-কর্মকর্তার
কর্মবিরতি

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ।
বিএনপি-জামায়াতপন্থী শিক্ষক-
কর্মকর্তাদের রিট দায়েরের প্রতিবাদে
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মহান
মুক্তিযুদ্ধের আদর্শে বিশ্বাসী ৮৪
শিক্ষক-কর্মকর্তা আন্দোলন শুরু
করেছেন। বিশ্ববিদ্যালয়ে ৪৭ জন
শিক্ষক ও ৩৭ জন কর্মকর্তা একযোগে
এক ঘণ্টা কর্মবিরতি কর্মসূচী পালন
করেছেন। রবিবার দুপুর ১২টা থেকে
১টা পর্যন্ত নিজ নিজ কার্যালয় থেকে
উক্ত ৮৪ জন শিক্ষক-কর্মকর্তা
প্রশাসন ভবনের সামনের চৌরাস্তায়
অবস্থান নেন। বিশ্ববিদ্যালয়ের
রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের
অধ্যাপক, বিভাগীয় প্রধান, সহযোগী
অধ্যাপক, সহকারী অধ্যাপক,
প্রভাষক, কর্মকর্তা (গ্রেড-১), কর্মকর্তা
(গ্রেড-২) এই কর্মবিরতিতে অংশ
নেন।

জানা গেছে, ১৩ সালের ৭ অক্টোবর
এই শিক্ষক-কর্মকর্তাদের নিয়োগ
প্রক্রিয়ার ওপর বিএনপি-
জামায়াতপন্থী ৫ জন শিক্ষক, ৩ জন
কর্মকর্তা ও ২ জন কর্মচারী
মিলিতভাবে মহামান্য হাইকোর্টে
একটি রিট আবেদন করে।
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত রিট
ড্রাফট করার মাধ্যমে এই শিক্ষক-
কর্মকর্তাদের নিয়োগ দিলেও তাঁদের
মধ্যে হতাশা, অসন্তুষ্টি ও আতঙ্ক বিরাজ
করে।